গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.cptu.gov.bd

"শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার"

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২১-১২৫ তারিখঃ ২৮/১২/২০২২ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ অর্পিত ক্রয় কাজ (Delegated Procurement) বাস্তবায়নে সরকারি ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) যথাযথভাবে অনুসরণ।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ১২ এর নির্দেশনা অনুযায়ী **কোন পণ্য, কার্য বা সেবা ক্রয় সম্পাদনের জন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর বা পরিদপ্তরের পর্যাপ্ত সামর্থ্য না থাকলে সংশ্লিষ্ট ক্রয় কাজ সম্পাদনের দায়িত্ব উক্ত ক্রয় কাজ সম্পাদনে পারদর্শী কোন ক্রয়কারী সংস্থাকে অর্পণ করার সংস্থান রয়েছে।** এ ক্ষেত্রে ক্রয় কাজ সম্পাদনের জন্য দায়িত্ব প্রদানকারী সংস্থাকে 'স্বত্বাধিকারী (Owner)' এবং ক্রয় কাজ সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত ক্রয়কারী সংস্থাকে 'নির্বাহক এজেন্সী (Executing Agency)' এবং এ ধরনের অর্পিত ক্রয় কাজকে 'অর্পিত ক্রয়কার্য (Delegated Procurement)' হিসেবে উক্ত বিধিতে (বিধি ১২) উল্লেখ করা হয়েছে।

০২। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে নির্বাহক এজেন্সিসমূহ কর্তৃক এ ধরনের অর্পিত ক্রয় কাজ প্রক্রিয়া করার ক্ষেত্রে ধারণাগত অস্পষ্টতা রয়েছে। বিধি ১২(২) এর নির্দেশনা অনুযায়ী অর্পিত ক্রয় কাজ প্রক্রিয়া করার ক্ষেত্রে মনোনীত নির্বাহক এজেন্সির সংশ্লিষ্ট দপ্তর ক্রয়কারী এবং উক্ত নির্বাহক এজেন্সির প্রধান কর্মকর্তা ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। ক্রয়কাজ পরিচালনার ক্ষেত্রে ক্রয় পদ্ধতি নির্বাচন, কমিটি গঠন, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ ইত্যাদি সকল ক্ষেত্রেই মনোনিত নির্বাহক এজেন্সি ক্রয়কারী হিসেবে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর যাবতীয় বিধি-বিধান অনুসরণ করবে। স্বত্বাধিকারী সংস্থার সঙ্গে কার্যক্রম সমন্বয় ও যোগাযোগের ক্ষেত্রে নির্বাহক এজেন্সির জন্য বিধি ১২(৩) ও (৪) এর নির্দেশনাও প্রযোজ্য হবে।

০৪। দরপত্র/প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে মনোনীত নির্বাহক এজেন্সি আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ (উন্নয়ন ও অনুন্নয়ন) অনুযায়ী নিজ সংস্থা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের বিভিন্ন ধাপে প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুসরণ করবে। যে সকল ক্রয়ের ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCEA) সুপারিশের প্রয়োজন হবে, সে সব ক্ষেত্রে মনোনীত নির্বাহক এজেন্সি নিজ প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করবে।

০৫। উপরে উল্লিখিত বিধানাবলি অর্পিত ক্রয় কাজের ক্ষেত্রে অনুসরণ করার জন্য সকল ক্রয়কারীকে অনুরোধ করা হলো।

28.12.2022
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৪৮১১৯৪০০-০১

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২২-১২৫ তারিখঃ ২৮/১২/২০২২ খ্রিঃ

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব,.............................................................................................................
..............................................................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ....... ..................................................................শের-ই-বাংলা নগর, ঢাকা।

\\192.168.1.129\Clarifications_CPTU\Masud A Khan\BPPA\Poripotro_22.10.2022.Doc

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সি)
কারিগরি শিক্ষা অধিদপ্তর ভবন-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।

Mrahman 26/12/2022


(মোঃ মাহফুজার রহমান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ৯১৮০৬৬৪
Email: cptudd4@cptu.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৮.২২-৪০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) স্মারক নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২১-১২৫, তাং- ২৮ ডিসেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
০২. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
০৩. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা;
০৪. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল);
০৫. অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া;
০৬. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল);
০৭. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল);
০৮. অধ্যক্ষ/সুপারইনটেনডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
০৯. ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ;
১০. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধসহ);
১২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১৪. সংরক্ষণ নথি।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৮/০২/২৩

(মোঃ হাবিবুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)
ফোন-০২-৫৮১৫২২০৮